



আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)  
International Mother Language Institute (IMLI)

Shahid Captain Mansur Ali Sharoni, 1/ka, Segunbagicha, Dhaka-1000, Bangladesh

Phone + 88-02-8391346, +8391239, +8801914104566; e-mail: imli.moebd@gmail.com website: www.imli.gov.bd

০৭ই জ্যৈষ্ঠ ১৪৩০

তারিখ :-----

২১শে মে ২০২০

স্মারক নং- ৩৭.২৬.০০০০.১০২.১০.০০২.২২- ২৮

বিষয় : 'মাতৃভাষা পত্রিকা' জার্নাল প্রকাশের জন্য গবেষণা-প্রবন্ধ আহ্বান।

প্রিয় মহোদয়,

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের নিয়মিত রিভিউড গবেষণা জার্নাল হচ্ছে 'মাতৃভাষা পত্রিকা'। এই গবেষণা পত্রিকার পরবর্তী সংখ্যা (৯ম বর্ষ: ১ম সংখ্যা, জানুয়ারি-জুন ২০২০) প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ জার্নালে প্রকাশের জন্য নিম্নে উল্লিখিত অনুচ্ছেদ ২ ও ৩-এ বর্ণিত বিষয়াদি অনুসরণে প্রস্তুতকৃত প্রবন্ধ প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করছি।

০২. প্রেরিতব্য প্রবন্ধ নিম্নলিখিত বিষয়াশ্রমী হতে পারে:

- বাংলাদেশ ও বহির্বিশ্বের মাতৃভাষা পরিস্থিতি;
- লিখনব্যবস্থা নেই এমন মাতৃভাষার লিখনব্যবস্থা প্রবর্তন, মাতৃভাষার ধ্বনিতত্ত্ব (Phonology), রূপতত্ত্ব (Morphology), বাক্যতত্ত্ব (Syntax) ও বাগর্থতত্ত্ব (Semantics);
- ভাষার নথিবদ্ধকরণ (documentation), ভাষা-সংরক্ষণ (preservation) ও প্রমিতায়ন (standardization), মাতৃভাষায় অভিধান প্রণয়ন, শিশুপাঠ্য বই (Primer) রচনা ও শিক্ষক প্রশিক্ষণে মাতৃভাষার ব্যবহার;
- টেকসই উন্নয়ন ও মাতৃভাষা;
- বহুভাষিক রাষ্ট্রে ভাষিক বৈচিত্র্য সংরক্ষণ ও শিক্ষা কার্যক্রমে ভাষাপরিকল্পনা;
- বাংলাদেশের ভাষানীতি ও ভাষাব্যবস্থাপনা;
- গণমাধ্যম ও মাতৃভাষার ব্যবহার;
- শিক্ষা-পরিকল্পনায় মাতৃভাষার গুরুত্ব;
- ভাষাবিজ্ঞান;
- ভাষা ও সংস্কৃতি;
- জাতীয় উন্নয়নে মাতৃভাষা-নির্ভর শিক্ষার গুরুত্ব ও বহির্বিশ্বের বাস্তবতা।

০৩. প্রবন্ধ রচনায় নিম্নলিখিত নির্দেশনা অনুসরণীয়:

- প্রবন্ধ অবশ্যই বাংলা ভাষায় লিখিত, অপ্রকাশিত ও মৌলিক হতে হবে;
- লেখা Suttony MJ ফন্টে 1.15 space দিয়ে মুদ্রিত হতে হবে;
- প্রবন্ধের সঙ্গে Abstract বা সারসংক্ষেপ (ন্যূনাধিক ১৫০ শব্দে) ও মূলশব্দ (key words) থাকতে হবে;
- লেখকের সংক্ষিপ্ত পরিচিতি, ঠিকানা, ই-মেইল ও ফোন নম্বর থাকতে হবে;
- Citation বা reference-এর ক্ষেত্রে American Psychological Association (APA) নির্দেশিত পদ্ধতি অনুসরণ করতে হবে;
- প্রকাশিত প্রবন্ধের জন্য লেখককে আমাই নির্ধারিত সম্মানি প্রদান করা হবে;
- নির্বাচিত কোনো প্রবন্ধ স্থানাভাবে প্রকাশ করা সম্ভব না হলে তা পরবর্তী সংখ্যায় প্রকাশিত হবে;
- প্রবন্ধ লেখার ক্ষেত্রে আমাই কর্তৃক নির্ধারিত রেফারেন্স অবশ্যই অনুসরণ করতে হবে। অন্যথায় লেখা পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য বিবেচনা করা হবে না। আমাই-এর রেফারেন্স পদ্ধতি [www.imli.gov.bd](http://www.imli.gov.bd) ঠিকানায় প্রকাশনা অংশে দেওয়া আছে।

০৪. 'মাতৃভাষা পত্রিকা'-র উল্লিখিত সংখ্যার জন্য আগামী ২০শে জুন ২০২০ তারিখের মধ্যে প্রবন্ধের সফট (soft) কপি (MS word এবং PDF উভয় ফরম্যাটে) [imli.moebd@gmail.com](mailto:imli.moebd@gmail.com), [mailtosayed75@gmail.com](mailto:mailtosayed75@gmail.com), [naznin.imli@gmail.com](mailto:naznin.imli@gmail.com), [mamunimli21@gmail.com](mailto:mamunimli21@gmail.com) ঠিকানায় প্রেরণসহ একটি মুদ্রিত (hard) কপি মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (১/ক, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, সেগুনবাগিচা, ঢাকা ১০০০) বরাবর পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

বিতরণ:

- রেজিস্ট্রার, .....
- মহাপরিচালক, .....
- অধ্যক্ষ, .....
- জনাব, .....
- অফিস কপি।

(প্রফেসর ড. হাকিম'আরিফ)

মহাপরিচালক

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

ফোন : ০২-৮৩৯১৩৪৬

ই-মেইল: [hakimarif@du.ac.bd](mailto:hakimarif@du.ac.bd)